

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-১ শাখা

[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০০৫.২১.১৪৩

তারিখ: ৩০ ডিসেম্বর ১৪২৯

১৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্প হতে সাংগঠিক  
কাঠামোভুক্ত রাজস্ব বাজেটের শুমাপদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিখিলকরণ বিধিমালা, ২০০৫  
বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: স্থানীয় সরকার, পর্মী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২৮/০৮/২২ তারিখের স্মারক

নং-৪৬.০৬৭.০০৯.০০.০০.০০২.১৯৮৭.৬৭৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের  
পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিখিলকরণ বিধিমালা, ২০০৫ এর বিধি-১(চ) “রাজস্ব বাজেটের পদ” অর্থ উন্নয়ন  
প্রকল্পের পদ যাহা রাজস্ব বাজেটে নতুনভাবে সৃজিত হইয়াছে এবং বিধি-৪(১) যে ক্ষেত্রে রাজস্ব বাজেটের কোনো  
শুন্য পদে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সরাসরি নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের নিয়োগ বিধি ও পদ্ধতি অনুযায়ী  
কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার করিয়া দরখাস্ত আহবান করা হয় সেইক্ষেত্রে উক্ত বিধি বা  
পদ্ধতিতে প্রার্থীর বয়সীমার বিষয়ে যাহা কিছুই থাকুক না কেন, বহিরাগত প্রার্থীদের সহিত উন্নয়ন প্রকল্পের  
কর্মকর্তা ও কর্মচারীগণেরও দরখাস্ত দাখিল করিবার অধিকার থাকিবে উল্লেখ রয়েছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বর্ণনার পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেওয়া যাচ্ছে যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০  
জুন ২০০৫ মাসে জারিকৃত ‘সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিখিলকরণ  
বিধিমালা, ২০০৫’ এর বিধি-৪(১) অনুযায়ী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের  
শেষ পর্যন্ত কর্মরত কর্মচারীদের পদ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এ ‘রাজস্ব বাজেট’-এ নতুনভাবে সৃজিত  
হলে উক্ত সৃজিত পদে সমাপ্তকৃত প্রকল্পের বয়সীমার্থ কর্মকর্তা/কর্মচারীগণ প্রতিযোগিতামূলক নিয়োগের ক্ষেত্রে  
বহিরাগত প্রার্থীদের সাথে বয়সীমা শিখিল করে দরখাস্ত দাখিলের জন্য বিবেচিত হবেন এবং আবেদনের ক্ষেত্রে  
বয়স শিখিলের বিষয়টি নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা যেতে পারে।

১৪-৯-২০২২

নো: ফরিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd

সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পর্মী

উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,

ঢাকা।